



আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২

www.ispr.gov.bd



সংবাদ বিজ্ঞপ্তি

নং ২৩.১৬.০০০০.০০৬.৪৩.০০৫.২৩

তারিখ: ০৪-০৭-২০২৩

প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট এর ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকীতে মহামান্য রাষ্ট্রপতি

ঢাকা, ০৪ জুলাই ২০২৩ঃ যথাযথ উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে আজ মঙ্গলবার (০৪-০৭-২০২৩) প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট (পিজিআর) এর ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকীর প্রথম দিন পালিত হয়। ১৯৭৫ সালের ৫ জুলাই স্বাধীন বাংলাদেশের রূপকার সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশনায় গঠিত হয় প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট। ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন আজ সকালে পিজিআর সদর দপ্তরে পৌঁছালে সেনাবাহিনী প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ, এসবিপি (বার), ওএসপি, এনডিইউ, পিএসসি, পিএইচডি; মহামান্য রাষ্ট্রপতির সামরিক সচিব এবং পিজিআর কমান্ডার তাঁকে অভ্যর্থনা জানান।

এরপর তিনি শহিদ ক্যাপ্টেন হাফিজ হলে সকল অফিসার, জুনিয়র কমিশন্ড অফিসার এবং অন্যান্য পদবির সদস্যদের উদ্দেশ্যে দরবারে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন। তিনি পিজিআর সদস্যদের একাগ্রতা, নিষ্ঠা, শৃঙ্খলাবোধ ও পেশাগত দক্ষতার প্রশংসা এবং সর্বদা নেতৃত্বের প্রতি অনুগত থেকে অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের জন্য সকল গার্ডস সদস্যদের প্রতি নির্দেশ প্রদান করেন। এসময় তিনি একটি সুশৃঙ্খল, পূর্ণাঙ্গ এবং স্বতন্ত্র প্রতিষ্ঠান রূপে স্বীকৃতি লাভকারী পিজিআরকে বর্তমান অবস্থানে আনতে কারিগর হিসেবে দায়িত্ব পালনকারী সকল প্রাক্তন সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। ভবিষ্যতে এই রেজিমেন্টকে আরও অধিক সুসংহত ও আধুনিক করার চেষ্টা অব্যাহত রাখার বিষয়ে আশ্বাস প্রদান করেন। অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি এই রেজিমেন্টের অফিসার ও জেসিওদের সাথে কুশলাদি বিনিময় এবং রেজিমেন্ট প্রাপ্তি একটি গাছের চারা রোপণ করেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার, সেনাবাহিনীর কোর্সার মাস্টার জেনারেল, রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব, রাষ্ট্রপতির কার্যালয়ের প্রেস সচিব, রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব (সংযুক্ত), সেনাবাহিনীর এ্যাডজুটেন্ট জেনারেল, সেনাবাহিনীর মাস্টার জেনারেল অব অর্ডন্যান্স, জিওসি ও এরিয়া কমান্ডার লজিস্টিক্স এরিয়া এবং উর্ধ্বতন সামরিক ও অসামরিক কর্মকর্তাবৃন্দ।

স্বাক্ষরিত/-

রাসেদুল আলম খান

সহকারী পরিচালক

পরিচালকের পক্ষে

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৮